



আপনি প্রতিটি শিক্ষার্থীর সাফল্য আইন (Every Student Succeeds Act, ESSA) সম্পর্কে আরো তথ্য পেতে পারেন NYSED-এর ওয়েবসাইট থেকে: <http://www.nysed.gov/essa/information-parents>

ESSA তথ্য পত্র

মা-বাবাদের জন্য এই তথ্য পত্রগুলি চূড়ান্ত ESSA পরিকল্পনাটির সারাংশ ও ব্যাখ্যা দেয়। তথ্য পত্রগুলি 15 টি ভাষায় উপলব্ধ আছে।

ESSA তথ্যমূলক ভিডিও

ESSA এর বাস্তবায়ন সম্পর্কে এই সংক্ষিপ্ত, মা-বাবার জন্য যথাযথ ভিডিওটিতে ESSA এর আবশ্যিকতা ও গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি সম্পর্কে তথ্য আছে।

অনুমোদিত নিউ ইয়র্ক স্টেট

ESSA পরিকল্পনা

দেখুন নিউ ইয়র্ক স্টেটের ESSA পরিকল্পনা, একই সাথে পরিকল্পনাটির একটি সারসংক্ষেপ।

বিজ্ঞপ্তি সংক্রান্ত এই আবশ্যিকতাগুলি পূরণ করার ক্ষেত্রে আপনার স্কুল বা ডিস্ট্রিক্টের নির্দেশনার প্রয়োজন হলে, বা আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

NYS শিক্ষা বিভাগ (NYS Education Department)
দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষার অফিস
(Office of Bilingual Education and World Languages) এর সাথে
718-722-2445/518-474-8775 নম্বরে
ফোনের মাধ্যমে,
OBEWL@nysed.gov এ
ইমেলের মাধ্যমে
বা OBEWL-এর ওয়েবসাইট দেখুন:
<http://www.nysed.gov/bilingual-ed>।

মা-বাবারা একটি অভিযোগ দায়ের করা বা অনুসন্ধানের জন্য NYSED ELL পেরেন্ট হটলাইনের সাথেও (800) 469-8224 নম্বরে ফোনের মাধ্যমে বা nysparenthotline@nyu.edu এ ইমেলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।



প্রতিটি শিক্ষার্থীর সাফল্য আইনের
(Every Student Succeeds Act, ESSA)
অধীনে বহুভাষিক
শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীর
মা-বাবা, অভিভাবক, এবং
অন্যান্য পরিচর্যাকারীদের
অধিকারসমূহ



প্রতিটি শিক্ষার্থীর সাফল্য আইন (Every Student Succeeds Act, ESSA) ...

2015 সালে পাস হয়েছিল, যেটি হল কিন্ডারগার্টেন থেকে 12^{তম} গ্রেডের শিক্ষার্থীর শিক্ষাকে নিয়ন্ত্রণকারী প্রধান ফেডারেল আইন। অন্যান্য বিষয়গুলির মধ্যে, ESSA অনুযায়ী মা-বাবা ও অভিভাবকদেরকে তাদের অধিকারগুলি সম্পর্কে অবহিত রাখা এবং MLL/ELL¹ এর মা-বাবা ও অভিভাবকরা কীভাবে তাদের শিশুদের নিম্নলিখিত বিষয়গুলিতে সহায়তা করার ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণ করতে পারেন তা অবহিত করার মাধ্যমে বহুভাষিক শিক্ষার্থী/ইংরেজি ভাষার শিক্ষার্থীদের (MLLs/ELLs) মা-বাবা ও অভিভাবকদেরকে তাদের শিশুদের শিক্ষার সাথে যুক্ত হওয়ার সুযোগগুলি প্রদান করা বাধ্যতামূলক:

- ইংরেজিতে দক্ষতা অর্জন করা;
- একটি সকল ক্ষেত্রে বিকশিত শিক্ষার অভ্যন্তরে মূল শিক্ষামূলক বিষয়গুলিতে উচ্চ পর্যায় অর্জন করা; এবং
- স্টেটের শিক্ষামূলক বিষয়বস্তু এবং শিক্ষার্থীর শিক্ষামূলক কৃতিত্বের মানদণ্ডগুলি পূরণ করা যা সকল শিক্ষার্থী পূরণ করবে বলে আশা করা হয়।

¹ MLLs/ELLs এর ফেডারেল পরিভাষাটি হল "ইংরেজি শিক্ষার্থী (English Learner)" (প্রায়শই সংক্ষেপে EL)।

ESSA স্কুল ডিস্ট্রিক্টের পক্ষে এগুলিও বাধ্যতামূলক করে ...

তার MLL/ELL শিক্ষামূলক কর্মসূচিগুলির উন্নয়ন ও মূল্যায়নের ক্ষেত্রে MLL/ELL এর মা-বাবা ও অভিভাবকের মন্তব্য ও মতামত জানতে চাওয়া, যার অন্তর্ভুক্ত হল এই উদ্দেশ্যের জন্য মা-বাবা ও অভিভাবকদের তাদের নিয়মিত মিটিংগুলির অধিকার সম্পর্কে জানানো। এছাড়াও, কমিশনারের বিধিনিয়মগুলি অনুযায়ী MLL/ELL এর মা-বাবা ও অভিভাবকদের সাথে বছরে কমপক্ষে একবার দেখা করা ডিস্ট্রিক্টগুলির জন্য বাধ্যতামূলক, যাতে তাদের শিশুর শিক্ষামূলক বিষয়বস্তু ও ভাষাগত উন্নতির অগ্রগতি ও প্রয়োজনগুলি আলোচনা করা যায়। এটি নিয়মিতভাবে সূচিভুক্ত মা-বাবা ও শিক্ষকদের সম্মেলনগুলির মতো অন্যান্য সাধারণভাবে আবশ্যিক মিটিংগুলির অতিরিক্ত।

এছাড়াও ...

NYS এ, একজন MLL/ELL শিক্ষার্থী হিসাবে আপনার শিশুর প্রাথমিক সনাক্তকরণের সময়ে ও পরে, তালিকাভুক্তির পরে অনধিক দশ দিনের মধ্যে ডিস্ট্রিক্টকে অবশ্যই নিম্নলিখিত বিষয়ে তথ্য প্রদান করতে হবে:

- আপনার শিশুকে কীভাবে একজন MLL/ELL হিসেবে নির্ধারণ করা হয়েছিল, আপনার শিশুর ইংরেজি ভাষার দক্ষতার পর্যায়, এটি কীভাবে মূল্যায়ন করা হয়েছিল, এবং তার শিক্ষামূলক কৃতিত্বের স্থিতি/অগ্রগতি;
- আপনার শিশুর শিক্ষামূলক কর্মসূচি এবং অন্যান্য উপলব্ধ বিকল্প কর্মসূচিতে ব্যবহৃত নির্দেশাবলীর পদ্ধতি, যার অন্তর্ভুক্ত হল বিষয়বস্তু, নির্দেশ সংক্রান্ত লক্ষ্য, এবং ইংরেজি ও বাড়িতে কথা বলার ভাষায় নির্দেশের ব্যবহার করার ক্ষেত্রে এই ধরনের কর্মসূচিগুলি কীভাবে আলাদা। যদি একটির বেশি প্রদান করা হয়, সেই ক্ষেত্রে কীভাবে একটি কর্মসূচি বা নির্দেশের পদ্ধতি নির্বাচন করতে হয় যে সম্পর্কে মা-বাবাকে লিখিত নির্দেশনা দিতে হয়।

NYS এ, আপনার শিশুর MLL/ELL সনাক্তকরণের পরে যে বাধ্যতামূলক, উচ্চ গুণমানসম্পন্ন মা-বাবার পরিচিতি সেশন পরিচালিত হয় তাতে এই তথ্যটি প্রদান করা হতে পারে²

স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই এইসকল বিষয়ে তথ্য প্রদান করতে হবে:

- আপনার শিশুর শিক্ষামূলক কর্মসূচি কীভাবে তার শিক্ষামূলক শক্তিমত্তা ও চাহিদাগুলিকে পূরণ করবে;
- আপনার শিশুকে ইংরেজি শিখতে এবং গ্রেডে উন্নীত হওয়া ও গ্র্যাজুয়েশনের জন্য বয়স-উপযুক্ত শিক্ষামূলক কৃতিত্বের মানদণ্ডগুলি পূরণ করতে শিক্ষামূলক কর্মসূচিটি কীভাবে সুনির্দিষ্ট সহায়তা করবে;
- শিক্ষামূলক কর্মসূচিটির জন্য প্রস্থানের সুনির্দিষ্ট আবশ্যিকতা, যার অন্তর্ভুক্ত হল এই ধরনের কর্মসূচিগুলি থেকে MLL/ELL এর জন্য উপযোগী করে গড়ে তোলা হয় নি এমন ক্লাসরুমে স্থানান্তরের প্রত্যাশিত হার;
- হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশনের প্রত্যাশিত হার, যদি হাই স্কুলটি III শীর্ষক অর্থসংস্থান পায়, এবং ব্যক্তিগতকৃত শিক্ষামূলক কর্মসূচি (IEP) থাকা একটি শিশুর ক্ষেত্রে, কীভাবে এই ধরনের একটি কর্মসূচি শিশুটির IEP এর উদ্দেশ্যগুলি পূরণ করে।



² কমিশনারের বিধিনিয়ম অংশ 154-2.3(f) অনুযায়ী ELLs/MLL হিসাবে সনাক্ত করা শিক্ষার্থীদের মা-বাবা ও অভিভাবকের জন্য একটি উচ্চ-গুণমানসম্পন্ন পরিচিতি সেশন প্রদান করা ডিস্ট্রিক্টগুলির জন্য বাধ্যতামূলক।